গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা ১২০৫
web: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৩.২৫.০৮৫.২০-৮০১/১(৬) তারিখঃ ১ চৈত্র ১৪২৮ / ১৫ মার্চ ২০২২

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠায় বিষয়ে অংশীজনের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কায়ছার রহমান, পরিচালক, ব্যানবেইস। |
| সভার তারিখ ও সময় | : | ১৪.০৩.২০২২ খ্রিঃ, সোমবার, সকাল: ১১.০০ ঘটিকা |
| স্থান | : | অনলাইন জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতির বিবরণ পরিশিষ্ট ‘ক’ এ সন্নিবেশিত |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বিভিন্ন অধিদপ্তর, শিক্ষা বোর্ড ও দপ্তর এর সাথে সভা আয়োজনের বাধ্যকতার অংশ হিসেবে আজকের এই সভা। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট জনাব নূর মোহাম্মদ সভার সঞ্চালনা করেন এবং ব্যানবেইস এর কার্যক্রম সম্পর্কিত নিম্নোক্ত প্রেজেন্টেশন উপস্থাপন করেন:

-জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর নির্দেশনায় গঠিত ড. কুদরত-ই-খুদা কমিশনের সুপারিশ অনুযায়ী শিক্ষাতথ্যের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে ১৯৭৭ সনে ব্যানবেইস প্রতিষ্ঠা লাভ করে। সমন্বিত শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বিনির্মান এবং আইসিটি প্রশিক্ষিত দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

-ব্যানবেইসের গুরুত্বপূর্ণ কাজ হল: (১) শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অনলাইন জরিপ পরিচালনা করে প্রতিবেদন প্রকাশ এবং ডাটাবেজ হালনাগাদকরণ, (২) শিক্ষা গবেষণা পরিচালনা, (৩) শিক্ষা সেক্টরে বার্ষিক/পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নে ব্যবহৃত Key Performance Indicator (KPI) প্রস্তুত ও সরবরাহ, (৪) শিক্ষাতথ্যের আর্ন্তজাতিক সংস্থা UIS ও HCI এ প্রতিবছর তথ্য প্রেরণ, (৫) শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর-অধিদপ্তর এর কর্মকর্তা-কর্মচারীদের এবং স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের ICT বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। (৬) এছাড়াও ব্যানবেইস Web Enable তথ্য ও Mobile apps-এর মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান করে আসছে যেমন : ক) শিক্ষাতথ্য অ্যাপস, (খ) ডাটাবেজ সার্ভিস, (গ) ই-পেপার-ক্লিপিংস ও (ঘ) ই-বুক সেবা।

০২। জনাব শেখ মোঃ আলমগীর, চীফ, পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস বলেন, প্রতি বছর ব্যানবেইস কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, করিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও বাজেট প্রতিবেদনে প্রধান প্রধান কর্মকৃতি (Key Performance Indicator) প্রস্তুত করে সরবরাহ করা হয়। অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয় ও ইউনেস্কো তে নিয়মিত তথ্য প্রেরণ করা হয়। এছাড়া বিভিন্ন অধিদপ্তর, দপ্তর ও বোর্ড এর চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করা হয়ে থাকে।

০৩। আইসিটি বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব কে.এম হাসানুল্লাহ্ মাহমুদ বলেন, ব্যানবেইস-এ অবস্থিত ৫ টি ল্যাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও ব্যানবেইসের কর্মকর্তা-কর্মচারী এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্যায়ের শিক্ষকদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়া উপজেলাস্থিত ১২৫ টি ইউআইটিআরসিই-তে স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। তিনি আরও বলেন, সরকার এর বিভিন্ন কার্যক্রম যেমন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও ভুক্তি; কোভিড-১৯ এ নন এমপিও ভুক্ত শিক্ষকদের প্রণোদনা প্রদানের জন্য ব্যানবেইস হতে তথ্য দিয়ে সহায়তা করা হয়েছে।

০৪। জনাব কাজী ইলিয়াস উদ্দিন আহমেদ, চিফ (ডিএলপি), ব্যানবেইস বলেন, শিক্ষা বিষয়ক প্রায় লক্ষাধিক পেপার ক্লিপিংস ওয়েব এনাবল করা হয়েছে। ব্যানবেইস এর রাজস্ব বাজেটের আওতায় শিক্ষা সম্পর্কিত গবেষণা করে থাকে। বিভিন্ন শিক্ষার গুরুত্বপূর্ণ প্রতিবেদন, ব্যানবেইস প্রকাশনা ইবুক আকারে ওয়েব এনাবল করা হয়েছে। এছাড়া প্রায় ৩০ হাজার বই সমৃদ্ধ লাইব্রেরির ই-ক্যাটালগিং করে পাঠক সুবিধা প্রদান করা হয়েছে।

০৫। সভাপতি ব্যানবেইসের সেবার মান উন্নয়ন, নতুন সেবা সংযোজনের বিষয়ে ব্যানবেইস এর বর্তমান কাজ বা সেবা সম্পর্কে মতামত প্রদানের জন্য উপস্থিত অংশীজনদের আহবান জানান।

০৬। নায়েম এর পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন শিক্ষাতথ্য সরবরাহে ব্যানবেইস এর ভূমিকাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, শিক্ষাক্ষেত্রে দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বার্থে ব্যানবেইস এর গবেষণার পরিসর আরো বৃদ্ধি করা প্রয়োজন।

০৭। কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিচালক (পিআইডব্লিউ) জনাব মোস্তফা কামাল বলেন, বিভিন্ন প্রকাশনার গুণগতমান নিশ্চিত করা সহ কারিগরী শিক্ষা বিষয়ে আলাদা ডাটাবেইস ও প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশের সুযোগ থাকা প্রয়োজন।

০৮। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম মাদ্রাসায় কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণ বিষয়ক তথ্য সম্পর্কে জানতে চাইলে এ সম্পর্কিত তথ্যের ডাটাবেইজ আছে বলে সিস্টেম এনালিস্ট, ব্যানবেইস সভাকে অবহিত করেন।

০৯। সভাপতি উপস্থিত অংশীজনদের মতামতকে স্বাগত জানিয়ে বলেন, শিক্ষাতথ্যের ভিত্তিতে সকল শিক্ষাক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন ও নীতিনির্ধারণ করছে। শিক্ষাতথ্য ব্যবস্থাপনার অংশীজনের গুরুত্বপূর্ণ মতামতকে বিবেচনায় নিয়ে ব্যানবেইস তাকে সামনের দিকে এগিয়ে যাবে বলে তিনিআশাবাদ ব্যক্ত করেন।

১০। সভায় অংশীজনদের সুপারিশ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে সরকারের নিকট প্রয়োজনীয় তথ্য উপাত্ত তুলে ধরার স্বার্থে সহায়ক গবেষণা কার্যক্রম এর পরধি বিস্তারের উদ্যোগ গ্রহণ করা হবে;

(খ) প্রকাশনা সমুহের গুণগত মান বৃদ্ধি করা হবে; এবং

(গ) কারিগরি শিক্ষা বিষয়ে আলাদা ডাটাবেইস ও প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে।

১১। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

15/3/22

(মোঃ কায়ছার রহমান)
পরিচালক, ব্যানবেইস
ফোন: 55152102
ই-মেইল: director@banbeis.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :**

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)
(২) ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল/উত্তম চর্চা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) জনাব ..............................................................................................
(৪) পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
(৫) চীফ, পরিসংখ্যান বিভাগ/চীফ, ডিএলপি বিভাগ/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
(৬) পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৭) অফিস কপি।

15.03.22

(নূর মোহাম্মদ)
পরিসংখ্যান অফিসার
ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি
ই-মেইল: so2@banbeis.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশ গ্রহণে এক ভার্চুয়াল মতবিনিময় সভা মহাপরিচালক, ব্যানবেইস-এর সভাপতিত্বে ১৪/০৩/২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার উপস্থিতি।

| ক্রম. | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | মোঃ [illegible] রহমান | 01715937967 | |
| ৩. | [illegible] | 01711576333 | |
| ৪. | [illegible] | 01714497113 | |
| ৫. | মো: আবদুস সালাম, উপপরিচালক | 01712198987 | |
| ৬. | নূর মোহাম্মদ | 01710480992 | |
| ৭. | মোহাঃ তরিকুল ইসলাম | 01817095377 | |
| ৮. | মো. ইব্রাহীম খলীল, উপপরিচালক (কর্ম) | 01711273899 | |
| ৯. | | | |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |

E:\Office\সভার নোটিশ.doc